

Dake Loke Amake Clown Lyrics | ডাকে লোকে আমাকে ক্লাউন

Song: Dake Loke Amake Clown

ডাকে লোকে আমাকে ক্লাউন

Artist: Kishore Kumar

Music Director: Kishore Kumar

Lyricist: Shibdas Banerjee

Dake Loke Amake Clown Lyrics in Bengali :

ডাকে লোকে আমাকে ক্লাউন
ডাকে লোকে আমাকে ক্লাউন
মূর্খানন্দ মিথ্যাচন্দ্র মাংকি ব্রান্ডো ডব্লিউ ব্রাউন

ডাকে লোকে আমাকে ক্লাউন
নেচে গেয়ে হেসে খেলে
দুটো কথা বলে যাই
হা হা হা হা হা
নেচে গেয়ে হেসে খেলে
দুটো কথা বলে যাই
সুখে আর দুঃখে মেশা
এইতো জীবন ভাই
বুঝলে কানাই, বুঝলে না হা হা
ডাকে লোকে আমাকে ক্লাউন

(কি খুকি ইস্কুল যাচ্ছ? ভালো করে
মন দিয়ে পড়া লেখা কোরো।
যখন তুমি বড় হয়ে বিয়ে করবে,
তখন তোমার বিয়েতে শিলিগুড়ি
থেকে ডিগবাজী খেয়ে হামাগুড়ি
দিয়ে গুড়িসুড়ি গুড়িসুড়ি তোমার
কাছে আসব। হি হি হি হি)

যায় রাত চলে আসে দিন
জেনো আঁধার থাকে না চিরদিন
যায় রাত চলে আসে দিন
জেনো আঁধার থাকে না চিরদিন
যদি ব্যথার শ্রাবণ ঝরো ঝরে
জেনো প্রেমের ফাগুন আসে পড়ে
যখন খুশি তুমি ডেকো গো আমায়
ডাকে লোকে আমাকে ক্লাউন

মূর্খানন্দ মিথ্যাচন্দ্র মাংকি ব্রান্ডো ডব্লিউ ব্রাউন
ডাকে লোকে হা হা আমাকে ক্লাউন.....

এই তো আমার জীবন। মনে দুঃখ, মুখে হাসি
তবুও পড়ে দুঃখে মন কেঁদে ওঠে আমার
সবার মুখে হাসি ফোটাতে চাই

যদি ব্যথা পেয়ে কেউ কাঁদে
আমি মুখে তাঁর হাসি ফোঁটাই

যদি ব্যথা পেয়ে কেউ কাঁদে
আমি মুখে তাঁর হাসি ফোঁটাই
কেউ পরের ব্যথায় যদি হাসে
আমি জেনেশুনে তাঁহাকে কাঁদাই
যখন খুশি তুমি ডেকো গো আমায়
ডাকে লোকে আমাকে ক্লাউন
মূর্খানন্দ মিথ্যাচন্দ্র মাংকি ব্রান্ডো ডব্লিউ ব্রাউন
ডাকে লোকে আমাকে ক্লাউন
নেচে গেয়ে হেসে খেলে
দুটো কথা বলে যাই
সুখে আর দুঃখে মেশা
এইতো জীবন ভাই
বুঝলে কানাই, কুলফি মালাই
হে হে
ডাকে লোকে আমাকে ক্লাউন
হা হা
ডাকে লোকে আমাকে ক্লাউন
আই এম মিস্টার ডব্লিউ ব্রাউন

<https://lyricsbengali.in/>